দৈনিক ইত্তেফাক

তারিখ 15 SEP 1987
পৃষ্ঠা 1 কলাম 2

10

# বরিশাল মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা

বরিশাল, ১৪ই সেপ্টেম্বর (নিজস্ব প্রতিনিধির টেলিফোন)—অপ্রীতিকর ঘটনা ঘটার আশংকায় বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ কর্তৃপক্ষ কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করিয়াছেন এবং ছাত্র-ছাত্রীদের হল

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বরিশাল মেডিকেল কলেজ

( ১ম পৃঃ পর )

ত্যাগের নির্দেশ দিয়াছেন। এই নির্দেশ অনুযায়ী ছাত্র-ছাত্রীরা আজ বিকালে হলত্যাগ করিয়াছে। গত ২/৩ দিন যাবৎ কলেজ ক্যাম্পাসে ইসলামী ছাত্র শিবিরের কর্মীদের সহিত অন্যান্য ছাত্র সংগঠনের কর্মীদের কয়েকদফা ছোট খাটো সংঘর্ষ ঘটে। আজ উভয় দলের মধ্যে বড় ধরনের সংঘর্ষ ঘটার আশংকা ছিল। ছাত্র শিবিরের কর্মীরা গতকাল হলত্যাগ করিয়াছে।